দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 JAN 2008
পৃষ্ঠা ২৮ কলাম ৩

24 Report



*মঙ্গলবার রাজধানীর ইডেন কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স পার্ট-২ এর ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হয় —ইত্তেফাক*

# প্রশ্নপত্র ফাঁসের সত্যতা মেলেনি ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা শুরু

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের সত্যতা মেলেনি। সোমবার দেশের বিভিন্ন স্থানে বিতরণ করা ফটোকপি ইংরেজি প্রশ্নপত্রের সঙ্গে মঙ্গলবার অনুষ্ঠিত ইংরেজি পরীক্ষার প্রশ্নপত্রের কোন মিল পাওয়া যায়নি। গতকাল মঙ্গলবার দেশের ১১০টি কেন্দ্রে অনার্স পার্ট-২ ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি সৈয়দ রাশিদুল হাসান রাজধানীতে ঢাকা কলেজ ও ইডেন কলেজসহ কয়েকটি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। আজ বুধবার অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজি (পুরাতন সিলেবাস) পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাঁসের সত্যতা

(১৬শ পৃঃ পর)

মঙ্গলবার প্রশ্নপত্র ফাঁসের গুজব ছড়িয়ে পড়লে ইডেন ও ঢাকা কলেজের পরীক্ষার্থীরা সন্ধ্যায় সড়ক অবরোধ ও বিক্ষোভ প্রদর্শন করে।